# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র বিষয় কোড: ২ ৭ ৮

সময় —— ২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান —— ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ উৎপাদন সমৃদ্ধির বাহন। জনাব রানা একটি প্রতিষ্ঠানের উৎপাদন বিভাগের একটি ইউনিটের তত্ত্বাবধায়ক। তিনি ২০০ জন কর্মীর কাজ সরাসরি তত্ত্বাবধান করেন। তিনি শুধুমাত্র কাজ পর্যবেক্ষণেই নিয়োজিত থাকেন না, তার প্রধান কাজ হলো কর্মীদের প্রতি ঘণ্টায় যতটুকু কাজ সম্পাদন হওয়ার কথা তা হয়েছে কিনা সেটি খুঁজে বের করা। এ ক্ষেত্রে যদি কোন সমস্যা ধরা পড়ে তিনি তা সমাধান করে দেওয়ার ব্যবস্থাও করেন।

ক. প্রশাসন কী? ১

খ. ব্যবস্থাপনা চক্র বলতে কী বোঝায়? ২

গ. জনাব রানার ব্যবস্থাপনার কোন স্তরে অবস্থান করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব রানার প্রধান কাজ ব্যবস্থাপনার কোন কাজটির সাথে সম্পর্কিত? অন্যান্য কাজের সাথে উক্ত কাজের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

২. ▶ মি. সালমান ব্রাইটন গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলো ধরে রেখে বাকি সিদ্ধান্ত গ্রহণের দায় দায়িত্ব প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগে বিভাগীয় প্রধানদের মধ্যে ভাগ করে দেন। ফলে বিভাগীয় প্রধানগণ নিজ নিজ অবস্থান থেকে নির্দেশ প্রদান করেন। ফলে কার্যক্ষেত্রে কিছুটা সমস্যা দেখা দেয়। পরবর্তীতে মি. সালমান প্রতিষ্ঠানের কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সিদ্ধান্ত নিলেন যে, সবাই ঐক্যবদ্ধ থেকে কার্য পরিচালনা করে প্রতিষ্ঠানের উন্নয়ন সাধন করবেন।

ক. প্রশাসনিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. জোড়ামই শিকল বলতে কী বুঝ? ২

গ. মি. সালমান ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করে সিদ্ধান্ত গ্রহণের দায় দায়িত্ব বিভিন্ন বিভাগে ভাগ করে দেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. সালমান কোন নীতি অনুসরণ করে তার প্রতিষ্ঠানের সমস্যা হতে মুক্ত হয়ে উন্নয়ন সাধন করতে পারে বলে তুমি মনে কর? ৪

৩. ▶ মুক্তবাজার অর্থনীতিতে যে কোন দেশের পণ্য অবাধে অন্য দেশে বিক্রয় হচ্ছে। জাপান ভিত্তিক প্রতিষ্ঠান টয়োটা একটি আন্তর্জাতিক স্বনামধন্য গাড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের সংগঠন কাঠামো চার্টটি হলো নিম্নরূপ।

ব্যবস্থাপনা পরিচালক
↓
সাধারণ ব্যবস্থাপক
↓
উপব্যবস্থাপক
↓
সহকারী ব্যবস্থাপক
↓
ফোর ম্যান
↓
কর্মী

http://teachingbd.com

ক. কমিটি কী? ১

খ. মেট্রিক্স সংগঠন বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত সংগঠন কাঠামোর ধরণটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত প্রতিষ্ঠানে এ ধরনের সংগঠন কাঠামো ব্যবহার সঠিক বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

**৪.** ▶ পালকি লি: ম্যানেজার নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়। মানব সম্পদ ব্যবস্থাপনা বিভাগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত আবেদনপত্র বাছাই করে। এদিকে ম্যানেজার পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তি দেওয়ায় উক্ত পদের নিম্নস্তরের কর্মকর্তাদের মধ্যে অসন্তোষ ও ক্ষোভ দেখা দেয়।

ক. কর্মী সংস্থান কী? ১

খ. কর্ম কেন্দ্রীক নেতৃত্ব বলতে কী বুঝ? ২

গ. পালকি লি. বর্তমানে কর্মী নির্বাচনের কোন ধাপ শুরু করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ম্যানেজার পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তিতে অধঃস্তনদের অসন্তোষের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

**৫.** ▶ মি. মাসুদ ও মি. সাদিক দুটি ভিন্ন প্রতিষ্ঠানের মালিক। মি. মাসুদ মনে করে কর্মীরা অলস এবং তারা কাজকে এড়িয়ে চলতে চায়। শাস্তি দিয়েই তাদের কাছ থেকে কাজ আদায় করতে হবে। বছর শেষে কোম্পানি লোকসানের মুখোমুখি হয়। অন্যদিকে মি. সাদিক বিভিন্ন বিষয়ে অধস্তন কর্মীদের সাথে আলাপ আলোচনা করে কাজ আদায় করেন এবং বছর শেষে ভালো মুনাফা অর্জন করেন।

ক. নেতৃত্ব কী? ১

খ. পরামর্শমূলক নির্দেশনা বলতে কী বুঝ? ২

গ. জনাব মাসুদ কোন ধরনের নির্দেশনা প্রদান করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব সাদিকের সফলতার কারণ উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৪

**৬.** ▶ জাকির একটি প্রতিষ্ঠানে অস্থায়ী ভিত্তিতে মাসে ২০,০০০ টাকা বেতনে চাকরী করেন। কিন্তু তিনি চাকরীতে নিরাপত্তার প্রয়োজন অনুভব করছেন। ব্যবস্থাপক জাকির সাহেবকে একবছর দক্ষতার সাথে কাজ করতে পারলে চাকরি স্থায়ী করার আশ্বাস দিলেন। এ কথায় জাকির সাহেব অনুপ্রাণিত হয়ে ভালোভাবে কাজ করতে শুরু করলেন।

ক. Movere কোন ভাষার শব্দ? ১

খ. X তত্ত্ব বলতে কী বুঝ? ২

গ. জাকির সাহেবের প্রয়োজন চাহিদার সোপান তত্ত্বের কোন স্তরের সাথে সংগতিপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবস্থাপক কর্তৃক জাকির সাহেবকে প্রদত্ত প্রেষনা কী সঠিক? তোমার মতামত দাও। ৪

**৭.** ▶ বর্তমানে মুক্তবাজার অর্থনীতির কল্যাণে ব্যবসায়িক কার্যক্রম পৃথিবীর নানা প্রান্তে সম্পাদিত হয়। নাহিদ সাহেব ইলেকট্রনিক সামগ্রীর আমদানিকারক। আমদানিকৃত পণ্য দেশের বিভিন্ন জেলা শহরে নিজস্ব দোকান

Teachingbd.com

প্রতিষ্ঠা করে বিক্রয় করেন। প্রতিটি বিক্রয় কেন্দ্রেই বিক্রয়ের রেকর্ড এন্ট্রি করা হয় এবং কেন্দ্রীয় অফিসে সংরক্ষিত সার্ভারের সাথে সংযুক্তির মাধ্যমে বিক্রয়ের বর্তমান অবস্থা সম্পর্কে নাহিদ সাহেব জানতে পারেন। প্রয়োজনে যে কোন নির্দেশনাও জারি করতে পারেন। সকল বিক্রয় কেন্দ্র সে নির্দেশনা অনুযায়ী কাজ করে থাকে।

ক. টেলেক্স কী? ১

খ. সমান্তরাল যোগাযোগ বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লেখ্য যোগাযোগ কার্যক্রমকে কোন ধরনের যোগাযোগ বলে আখ্যায়িত করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নাহিদ সাহেবের এ পদ্ধতিতে বিক্রয় কার্য পরিচালনা বর্তমান সময়ের চাহিদা। উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

৮.▶ ব্যবসায় স্বাধীন কর্ম হিসেবে অনেকেই এ পেশায় এগিয়ে আসছেন। মি. সিয়াম একটি ফ্রোজেন ফুড কারখানার মালিক। তিনি এমনভাবে কর্মীদের দলীয় প্রচেষ্টাকে প্রতিষ্ঠা করেছেন যাতে কোন কাজ শেষ হওয়ার সাথে সাথেই আরেকটি কাজ শুরু হয়ে যায়। পূর্ব থেকে তিনি কাজসমূহের তালিকা করেন। সম্প্রতি কিছু কর্মীর মধ্যে ব্যক্তিগত বিরোধের জের ধরে তাদের মধ্যে সংঘর্ষের কারণে প্রতিষ্ঠানের কাজের গতি কমে যায়। এ অবস্থায় জনাব সিয়াম দৃঢ়তার সাথে কাজের গতি আনতে উদ্যোগী হলেন।

ক. সুষ্ঠু সমন্বয় কিসের ওপর নির্ভর করে? ১

খ. সমন্বয়ে আদেশের ঐক্য নীতি বলতে কী বুঝ? ২

গ. মি. সিয়ামের প্রতিষ্ঠানে সমন্বয়ের কোন নীতিটি কঠোরভাবে পালিত হচ্ছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. সিয়ামের প্রতিষ্ঠানের সমস্যা সমাধানে সর্বোত্তম সমন্বয়ের পূর্বশর্ত কী হতে পারে বলে তুমি মনে কর? যুক্তি দাও। ৪

৯.▶ নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রক্রিয়ার অন্যতম গুরুত্ববহ কাজ। যার সঠিক প্রয়োগ দ্বারা প্রতিষ্ঠানের সাফল্য অর্জন সম্ভবপর হয়। মি. হান্নান একটি ছোট শিল্প প্রতিষ্ঠানের মালিক। তিনি হিসাব করে চলতে পছন্দ করেন। বছরের শুরুতেই তিনি সবার সাথে পরামর্শ করে সারা বছরের সম্ভাব্য বিক্রয় কত একক হতে পারে, বিক্রয় মূল্য কত হবে, খরচ কী হতে পারে, এভাবে সম্ভাব্য আয় ব্যয়ের একটি হিসাব দাঁড় করান। তিনি আয় ব্যয় হিসাব অনুযায়ী হচ্ছে কিনা তা মূল্যায়ন করেন। বছর শেষে তিনি বাস্তবের সাথে হিসাব পরিকল্পনা মিলান। পূর্ব থেকে হিসাব পরিকল্পনা থাকায় সবাই অধিক খরচ করতে ভয় পায়।

ক. আদর্শ মান কী? ১

খ. সমচ্ছেদ বিন্দু বলতে কী বুঝ? ২

গ. মি. হান্নান তার প্রতিষ্ঠানে কোন ধরনের নিয়ন্ত্রণ ব্যবস্থা অনুসরণ করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর মি. রহিমের গৃহীত ব্যবস্থায় কার্যক্রমের আর্থিক শৃঙ্খলা প্রতিষ্ঠায় ভূমিকা রেখেছে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

teachingbd.com

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: ২ ৭ ৮

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. ব্যবস্থাপনা চক্র বলতে কোনটির পর্যায়ক্রমিক আবর্তনকে বোঝায়?
ক) কার্যের খ) উদ্দেশ্যের
গ) নীতির ঘ) উপকরণের

২. ব্যবস্থাপনার মনস্তাত্ত্বিক কাজ কোনটি?
ক) সংগঠিতকরণ খ) প্রেষণা
গ) সমন্বয়সাধন ঘ) নিয়ন্ত্রণ

৩. আদর্শ ব্যবস্থাপকের ধারণাগত দক্ষতা কোনটি?
ক) সঠিক অনুমান
খ) মানবীয় সম্পর্ক সৃষ্টি করা
গ) সমস্যা অনুধাবন ও সমাধান করা
ঘ) সাহসী হওয়া

৪. মাহিন এমবিএ কোর্স সম্পন্ন করে সফল ব্যবস্থাপক হতে চান। এজন্য তার একান্ত প্রয়োজন—
i. সাংগঠনিক দক্ষতা
ii. যোগাযোগের দক্ষতা
iii. শারীরিক সৌন্দর্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. প্রতিষ্ঠানের নিম্ন পর্যায়ের নির্বাহী কোন ধরনের পরিকল্পনার প্রণয়ন করেন?
ক) কার্যগত খ) কৌশলগত
গ) রণনৈতিক ঘ) সামগ্রিক

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।
রিপন আল্ট্রামডার্ন ব্যাংক লি. এর জুনিয়ার অফিসার। তিনি আন্তরিকতার সাথে সকল কাজ সম্পাদনের চেষ্টা করেন। কিন্তু একই সাথে ব্যবস্থাপক ও সিনিয়র অফিসারগণ ভিন্ন ভিন্ন আদেশ প্রদান করায় তিনি বিব্রতবোধ করেন।

৬. ব্যবস্থাপক ও সিনিয়র অফিসারগণ ব্যবস্থাপনার কোন নীতি উপেক্ষা করেছেন?
ক) আদেশের ঐক্য খ) নির্দেশনার ঐক্য
গ) জোড়া মই শিকল ঘ) শৃঙ্খলা

৭. উক্ত নীতি উপেক্ষার ফলে যে সমস্যা সৃষ্টি হতে পারে—
i. সিদ্ধান্তহীনতা
ii. বিশৃঙ্খলা
iii. নিম্ন মনোবল
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

৮. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে?
ক) হেনরি ফয়ল খ) এফ.ডব্লিউ. টেলর
গ) হেনরি মিন্সবার্গ ঘ) পি.এফ. ড্রাকার

৯. ব্যবস্থাপনার কোন নীতি অনুসারণের ফলে সিদ্ধান্ত গ্রহণে কর্মীর ভূমিকা হ্রাস পায়?
ক) নির্দেশনার ঐক্য খ) শৃঙ্খলা
গ) কার্যবিভাজন ঘ) কেন্দ্রিকরণ

১০. প্রতিষ্ঠানের কোনো বিশেষ কাজ সম্পাদনের জন্য বিশেষ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গকে কী বলে?
ক) কমিটি খ) শেয়ারহোল্ডার
গ) ব্যবস্থাপকমন্ডলী ঘ) বিশেষজ্ঞ নির্বাহী

১১. নিচের কোনটি কর্মী নির্বাচন প্রক্রিয়ার অন্তর্ভুক্ত?
ক) কর্মীর প্রয়োজন নিরুপণ খ) উৎস নির্ধারন
গ) বিজ্ঞপ্তি প্রদান ঘ) সাক্ষাৎকার প্রদান

১২. কোনটিকে কেন্দ্র করে সমগ্র পরিকল্পনা প্রক্রিয়া আবর্তিত হয়?
ক) রীতি খ) কৌশল
গ) পদ্ধতি ঘ) লক্ষ্য

১৩. গাজীপুরের লামিয়া গার্মেন্টসের কর্মীরা ন্যায্যভাবে বেতন পান। এর ফলে কর্মীদের যে পরিবর্তন হতে পারে তা হলো—
i. মনোবল বৃদ্ধি
ii. উৎপাদন বৃদ্ধি
iii. অসন্তোষ হ্রাস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সর্বপ্রথম ধাপ কোনটি?
ক) সমস্যা সংজ্ঞায়িতকরণ খ) আদর্শমান নির্ধারণ
গ) অগ্রাধিকার নির্ধারণ ঘ) সমস্যা চিহ্নিতকরণ

১৫. সকল কর্মীর প্রতি সমান আচরণ করলে কোন নীতি বাস্তবায়ন হয়?
ক) শৃঙ্খলা খ) নিয়মানুবর্তিতা
গ) সাম্যতা ঘ) আদেশের ঐক্য

১৬. কর্মীদের প্রতি স্নেহ ও মমতা প্রকাশের দ্বারা কোন নেতৃত্ব প্রদান করা হয়?
ক) গণতান্ত্রিক খ) স্বৈরতান্ত্রিক
গ) পিতৃসুলভ ঘ) লাগামহীন

১৭. বিশেষজ্ঞ কর্মী সহযোগীর ভূমিকা পালন করেন কোন সংগঠনে?
ক) সরলরৈখিক ও উপদেষ্টা খ) কার্যভিত্তিক
গ) মেট্রিক্স ঘ) কমিটি

১৮. কোন নীতির আলোকে সংগঠনের জটিল বিষয়াদি শীর্ষ ব্যবস্থাপনার অধীনে রাখা হয়?
ক) নমনীয়তা খ) মিতব্যয়িতা
গ) ব্যতিক্রম ঘ) নেতৃত্ব

উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।
মি. নাজিয়া তার গার্মেন্টস প্রতিষ্ঠানে শ্রম বিভাগের মাধ্যমে আলাদা আলাদা বিভাগের দায়িত্ব একেজন বিশেষজ্ঞের ওপর অর্পণ করেছেন। এভাবে প্রয়োজনীয় কর্তৃত্ব ও ক্ষমতা অর্পণ করে সেখানে উৎপাদন কার্যপরিচালনা করা হচ্ছে।

১৯. মি. নাজিয়ার প্রতিষ্ঠানে কোন ধরনের সাংগঠনিক কাঠামো বিদ্যমান?
ক) সরলরৈখিক
খ) সরলরৈখিক ও পদস্থকর্মী
গ) কার্যভিত্তিক ঘ) মেট্রিক্স

২০. মি. নাজিয়ার গার্মেন্টস প্রতিষ্ঠানের মতো সাংগঠনিক কাঠামোর মাধ্যমে—
i. নমনীয়তা বৃদ্ধি পায়
ii. স্বেচ্ছাচারিতা হ্রাস পায়
iii. দ্বৈত আদেশের দ্বন্দ্ব দেখা দেয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

http://teachingbd.com

২১. যোগ্য ব্যক্তিকে যোগ্য স্থানে এবং সঠিক বস্তুকে সঠিক স্থানে স্থাপন— ব্যবস্থাপনার কোন নীতির লক্ষ্য?
ক সাম্য　খ একতা
গ নিয়মানুবর্তিতা　ঘ শৃঙ্খলা

২২. কোন নেতৃত্ব পরামর্শমূলক নির্দেশনা অনুসরণ করে?
ক স্বৈরতান্ত্রিক　খ পিতৃসুলভ
গ লাগামহীন　ঘ গণতান্ত্রিক

২৩. মানবসম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে নিচের কোন বিবৃতিটি সঠিক?
ক দাস → কর্মী → শ্রমিক → মানবসম্পদ
খ দাস → শ্রমিক → কর্মী → মানবসম্পদ
গ কর্মী → দাস → শ্রমিক → মানবসম্পদ
ঘ শ্রমিক → দাস → কর্মী → মানবসম্পদ

২৪. বাছাই কার্যক্রম বলা হয় কোনটিকে?
ক কর্মীসংগ্রহ　খ কর্মী নির্বাচন
গ কর্মী নিয়োগ　ঘ প্রশিক্ষণ

২৫. কর্মীদের আচরণকে প্রতিষ্ঠানের লক্ষ্যাভিমুখে ধাবিত করাকে কী বলে?
ক নির্দেশনা　খ নেতৃত্ব
গ প্রেষণা　ঘ সমন্বয়সাধন

২৬. কোন সংগঠন কাঠামোকে সামরিক সংগঠন বলা হয়?
ক সরলরৈখিক
খ সরলরৈখিক ও উপদেষ্টা
গ কার্যভিত্তিক
ঘ মেট্রিক্স

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।**

আরএম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব সালমান ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়ন করে অধীনস্থদের সে অনুযায়ী কাজ করার তাগিদ দেন। অধীনস্থরা কে কী মনে করল সে ব্যাপারে তার কোনো ভাবনা নেই। কোনো কর্মী কাজে কোনো অবহেলা বা ভুল করলে তাকে তিনি তিরস্কার করেন এবং বল প্রয়োগ করে কর্মীদের দ্বারা কাজ আদায় করেন।

২৭. জনাব সালমান কোন ধরনের নেতৃত্ব প্রদান করেন?
ক গণতান্ত্রিক　খ স্বৈরতান্ত্রিক
গ পিতৃসুলভ　ঘ কর্মীকেন্দ্রিক

২৮. উক্ত নেতৃত্বের ফলে—
i. কর্মীদের মনোবল নিম্ন হবে
ii. প্রাতিষ্ঠানিক লক্ষ্যার্জন ব্যাহত হবে
iii. নিয়ন্ত্রণ কার্যসহজ হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৯. প্রেষণাদানের অনার্থিক উপায় কোনটি?
ক সন্তানের শিক্ষাভাতা　খ পদোন্নতি
গ গ্রুপ বিমা　ঘ চাকরির নিরাপত্তা

৩০. নির্দেশনাকে প্রশাসনের হৃৎপিণ্ড বলেছেন কে?
ক Marshal E Demok　খ Henri Fayol
গ Newman　ঘ Harold Koontz

৩১. গণতান্ত্রিক নেতৃত্বে—
i. অধঃস্তনদের মতামত মূল্যায়িত হয়
ii. কর্মীর কাজে মনোযোগ বৃদ্ধি পায়
iii. শিল্প সম্পর্ক উন্নত হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩২. কোন নেতৃত্বে কর্মী নিজ ইচ্ছা আদেশ পালন করে?
ক লাগামহীন　খ গণতান্ত্রিক
গ স্বৈরতান্ত্রিক　ঘ পিতৃসুলভ

৩৩. চাহিদা সোপান তত্ত্বের প্রবক্তা কে?
ক হেনরি ফেয়ল　খ আব্রাহাম মাসলো
গ এফ ডব্লিউ টেলর　ঘ ফ্রেডারিক হার্জবার্গ

৩৪. নিচের কোনটি মৌখিক যোগাযোগের মাধ্যম?
ক ফ্যাক্স　খ ই-মেইল
গ ক্ষুদেবার্তা　ঘ ভিডিও কনফারেন্স

৩৫. কর্মীর জবাবদিহিতা কোন ধরনের যোগাযোগ?
ক ঊর্ধ্বগামী　খ নিম্নগামী
গ কৌণিক　ঘ সমান্তরাল

৩৬. প্রতিষ্ঠানের ব্যক্তি ও বিভাগের কাজকে একত্রে গ্রথিত করার কাজকে কী বলে?
ক নির্দেশনা　খ নেতৃত্ব
গ সমন্বয় সাধন　ঘ নিয়ন্ত্রণ

**উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও।**

শিমু কসমেটিকস্ লি. এর উৎপাদন ব্যবস্থাপক জনাব শাহেদ আলম উৎপাদন বৃদ্ধি করতে অধীনস্থদেরকে নির্দেশ দিলেন। কিন্তু কারখানার তিনটি যন্ত্র বিকল হওয়ায় কর্মীরা ঠিকমতো কাজ করতে পারছে না। অধীনস্থ কর্মীরা জনাব শাহেদ আলমকে অবহিত করেন যে, যন্ত্র মেরামত না করলে পরিকল্পনা অনুযায়ী উৎপাদন করা সম্ভব নয়।

৩৭. উদ্দীপকে উল্লিখিত যোগাযোগের ধরন হলো—
i. ঊর্ধ্বগামী
ii. নিম্নগামী
iii. কৌণিক বা আড়াআড়ি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৮. উক্ত যোগাযোগ ব্যবস্থার পরিণতি কী হতে পারে?
ক কার্যে বিশৃঙ্খলা দেখা দেবে
খ কার্য সন্তুষ্টি হ্রাস পাবে
গ উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে
ঘ শ্রম-ব্যবস্থাপনা বিরোধ দেখা দেবে

৩৯. ব্যবস্থাপনার কোন কাজে প্রধানত সম্পাদিত কার্য বিশ্লেষণ করা হয়?
ক পরিকল্পনা　খ সংগঠিতকরণ
গ কর্মীসংস্থান　ঘ নিয়ন্ত্রণ

৪০. কোনটি জৈবিক চাহিদা পূরণ করে?
ক সহকর্মীদের সহযোগিতা
খ চাকরিরর স্থায়িত্ব
গ বাসস্থান　ঘ পদমর্যাদা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক |
| ২১ | ঘ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | গ |

http://teachingbd.com